



মোহাম্মদ রিজুয়ান  
সহকারী টার্মিনাল ম্যানেজার  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

জনাব মোহাম্মদ রিজুয়ান, পিতাঃ মোহাম্মদ ফজলুল হক, মাতাঃ রাজুনা বেগম ১৯৮০ সালের ২০শে নভেম্বর চট্টগ্রাম জেলার রাউজান থানার অন্তর্গত চিকদাইর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি সফলতার সাথে ১৯৯৭ সালে চট্টগ্রাম বোর্ড হতে বিজ্ঞান বিভাগ থেকে ১ম বিভাগে এসএসসি এবং ১৯৯৯ সালে বিজ্ঞান বিভাগ থেকে ১ম বিভাগে এইচএসসি পাশ করেন। তিনি ২০০৪ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে মেরিন সাইন্সে ১ম শ্রেণীতে স্নাতক এবং ২০০৫ সালে মেরিন সাইন্সে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগে ট্রাফিক অফিসার হিসেবে গত ১৫/০৭/২০১২ইং তারিখে কাজে যোগদান করেন। পরবর্তীতে তিনি টার্মিনাল অফিসার (কন্ট্রোল), ট্রাফিক অফিসার (প্রশাসন ও সদর দপ্তর), ট্রাফিক অফিসার (অপারেশন), ট্রাফিক অফিসার (সদর দপ্তর), টার্মিনাল অফিসার (শিপ এন্ড ইয়ার্ড) হিসেবে বিভিন্ন সময়ে যথেষ্ট সুনাম ও দক্ষতার সাথে অর্পিত দায়িত্ব পালন করেন। তিনি গত ১৬/০৯/২০১৮ইং হতে সহকারী টার্মিনাল ম্যানেজার (সিএফএস) হিসেবেও সফলতার সাথে অর্পিত দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি বিগত ০৬ মাস যাবৎ দুরারোগ্য কোলন ক্যান্সার ব্যাধিতে ভুগছিলেন। তিনি অদ্য ০৪/০৯/২০১৯ইং তারিখ সকাল ০৬.২০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তিনি দুই সন্তান, স্ত্রী, পিতা-মাতা এবং পরিবারের অন্যান্য সদস্যদের রেখে যান। সবিশেষে, তাঁর আত্মার মাগফেরাত কামনা করা হলো।